

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৩০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইশার সালাতকে আওয়াল ওয়াক্ত থেকে বিলম্ব করা বৈধ

ذِكْنُ إِبَاحَةِ تَأْخِيرِ الْمَرْءِ صَلَاةَ الْعِشَاءِ الْآخِرَةِ عَنْ أَوَّلِ وَقْتِهَا

আরবী

1530 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيٌّ قَالَ: حَدَّثَنَا أَبُو عَاصِمٍ قَالَ حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ قَالَ: قُلْتُ لِعَطَاءٍ: أَيُّ حينٍ أَحَبُّ إِلَيْكَ؟ أَنْ أُصلي الْعَتَمَةَ عَاصِمٍ قَالَ حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ قَالَ: قُلْتُ لِعَطَاءٍ: أَيُّ حينٍ أَحَبُّ إِلَيْكِ؟ أَنْ أُصلي اللَّهُ عَلَيْهِ إِمَّا إِمَامًا أَوْ خِلُواً فَقَالَ: سَمِعْتُ ابْنَ عباس يقول:اعتم رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاسْتَيْقَظُوا وَرَقَدُوا وَاسْتَيْقَظُوا فَقَالَ عُمَرُ: الصَّلَاةَ فَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى كَأَنِي أَنْظُرُ إِلَيْهِ الْآنَ يَقْطُو رُزُاسُهُ مَاءً وَاضِعًا يَدَيْهِ وَسُلَّمَ لَيْهُ وَسَلَّمَ حَتَّى كَأَنِي أَنْظُرُ إِلَيْهِ الْآنَ يَقْطُو الْمَعُولُ وَاصَعِعًا يَدَيْهِ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى كَأَنِي أَنْظُرُ إِلَيْهِ الْآنَ يَقْطُو الْ وَاصْعِعًا يَدَيْهِ وَاصْعِعًا يَدَيْهِ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى كَأَنِي أَنْظُرُ إِلَيْهِ الْآنَ يَقْطُو اللَّهُ مَاءً وَاضِعًا يَدَيْهِ عَلَيْهُ وَسَلَّمَ حَتَّى كَأَنِي أَنْظُرُ إِلَيْهِ الْآنَ يَقْطُو اللَّهُ مَاءً وَاضِعًا يَدَيْهِ عَلَيْهِ وَسُلَّمَ حَتَّى كَأَنِي أَنْظُرُ إِلَيْهِ الْآنَ يَقْطُرُ رَأْسُهُ مَاءً وَاضِعًا يَدَيْهِ عَلَى أَنْ أَشُولًا أَنْ أَشُونَ على أَمتي لأمرتهم أن يُصِلُوا هكذا)
الراوي: ابن عباس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الصان على صحيح ابن حبان

বাংলা

১৫৩০. ইবনু জুরাইজ বলেন, আমি আতা রহিমাহুল্লাহকে জিজ্ঞেস করলাম, "ইমাম অবস্থায় হোক অথবা একাকী হোক কোন সময়ে ইশার সালাত আদায় করা আপনার কাছে বেশি প্রিয়? "জবাবে তিনি বলেন, "আমি আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমাকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইশার সালাত আদায় করতে বিলম্ব করেন, এমনকি লোকজন শুয়ে পড়েন আবার জাগ্রত হন, আবার শুয়ে পড়েন এবং জাগ্রত হন। অতঃপর উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "সালাত, সালাত।" তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হুজরা থেকে বের হয়ে আসেন, এমন অবস্থায় যে, যেন আমি তাঁর মাথা থেকে ফোটায় ফোটায় পানি পড়তে দেখছি, এসময় তিনি তাঁর দুই হাত মাথার উপর রেখেছিলেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যদি আমার উন্মাতের উপর কঠিন মনে না করতাম তবে আমি এভাবে (দেরিতে ইশার) সালাত আদায় করার নির্দেশ প্রদান করতাম।"[1]



ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ২১১২; সহীহ বুখারী: ৫৭১; সহীহ মুসলিম: ৬৪২; তাবারানী আল কাবীর: ১১৪২৪; বাইহাকী: ১/৪৪৯; হুমাইদী: ৪৯২; নাসাঈ: ১/২৬৬; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৪২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান নাসাঈ: ৫১৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইবনু জুরায়জ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন